



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 11 Apr. 26

TIME: 7:35 AM

নির্বাচন কমিশনের নির্দেশে ১২৩ নম্বর উত্তর করিমগঞ্জ বিধানসভা আসনের ২৩৯ নম্বর বেবিল্যান্ড হাই ইংলিশ স্কুলের ভোটকেন্দ্রে আজ পুনরায় ভোটগ্রহণ করা হচ্ছে। গত বৃহস্পতিবার অনুষ্ঠিত ভোটগ্রহণ সম্পর্কে লাভ করা প্রতিবেদন এবং সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনা করে নতুনদিল্লীর নির্বাচন কমিশনের সচিবালয় ১৯৫১ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ৫৮ নম্বর ধারা অনুযায়ী পূর্বের ভোটগ্রহণ বাতিল করে পুনরায় ভোট গ্রহণের নির্দেশ দেয়। কমিশনের নির্দেশ অনুযায়ী কড়া নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে আজ সকাল ৭ টা থেকে ভোটগ্রহণ শুরু হয়েছে চলবে বিকেল ৫ টা পর্যন্ত।

এদিকে রাজ্যের ১২৬ টি বিধানসভা আসনে ভোটদান প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হওয়ার পর ইভিএম এবং ভিভিপেটগুলো সংশ্লিষ্ট জেলা সমূহের ষ্ট্রংরুমগুলোতে কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে রাখা হয়েছে। রাজ্যে প্রথমবারের জন্য একটি পর্যায়ে অনুষ্ঠিত নির্বাচনে এবার পূর্বের সব রেকর্ড ভঙ্গ করে ৮৫ শতাংশেরও বেশী ভোট পড়েছে। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী আসাম, কেরালাম, এবং পুডুচেরীতে এবার সর্বাধিক মহিলা ভোটদাতারা গণতান্ত্রিক

অধিকার সাব্যস্ত করেছেন । আসামে ৮৬ দশমিক ৫-০ শতাংশ মহিলা ভোটদাতা ভোটাধিকার প্রয়োগ করেছেন । কেরালামে ৮১ দশমিক ১-৯ এবং পুডুচেরীতে ৯১ দশমিক ৪-০ মহিলা ভোটদাতা ভোটদান করেছেন । রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারীক অনুরাগ গোয়েল এই গণতান্ত্রিক প্রক্রিয়ায় অংশগ্রহণ করে স্বচ্ছ অবাধ ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত করার ক্ষেত্রে সহযোগিতা করার জন্য সব নাগরিকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন । শ্রী গোয়েল নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার ক্ষেত্রে বিরামহীনভাবে কাজ করে যাওয়া ভোট কর্মী , নিরাপত্তাবাহিনী ও সব অংশীদারদের প্রশংসা করেন । রাজ্য বিজেপি সভাপতি দিলীপ শইকিয়া স্বতস্ফুৰ্তভাবে ভোটদান করার জন্য রাজ্যবাসীকে ধন্যবাদ জানিয়েছেন । গতকাল এক সাংবাদিক সম্মেলনে বলেন যে পূর্বে যেসমস্ত অঞ্চলে ভোটদানের হার কম ছিল এবার সেইসব অঞ্চলে ভোটদানের হার বৃদ্ধি পেয়েছে ।

.....

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধীন চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার গতকাল ঘোষিত ফলাফল অনুযায়ী এবারের মাধ্যমিক পরীক্ষায় বজালীর পাতাসারকুচি শংকরদেব শিশু নিকেতনের জ্যোতির্ময় দাস ৯৮ দশমিক ৫ শতাংশ নম্বর পেয়ে রাজ্যের মধ্যে প্রথম স্থান লাভ করেছে । বিশ্বনাথের হাওয়াজানের অম্বিকাগিরি রায় চৌধুরী জাতীয় বিদ্যালয়ের ছাত্রী আকাংজা ভূইয়া দ্বিতীয় স্থান , ডিব্রুগড়ের লিটিল ফ্লাউয়ার হায়ার সেকেন্ডারী স্কুলের জিয়া ফারাহ ইসলাম ও নলবারীর লিটিল ফ্লাউয়ার স্কুলের সুরজিৎ আখতার যুগ্মভাবে তৃতীয় স্থান লাভ করেছে ।

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষায় মোট ৪ লক্ষ ৩৮ হাজার ৫৬৫ জন পরীক্ষার্থী অবতীর্ণ হয়েছিল । এর মধ্যে ৮৫ হাজার ১৮৯ জন প্রথম বিভাগে , ১ লক্ষ ৫০ হাজার ১৬৭ জন দ্বিতীয় বিভাগে , ৪৬ হাজার ৩৪৫ জন

তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। এবারের পরীক্ষায় মোট উত্তীর্ণের হার ৬৫ দশমিক ৬-২ শতাংশ। এবারের পরীক্ষার পাশের হারে মেয়েদের তুলনায় ছেলেরা এগিয়ে রয়েছে। ছেলেদের পাশের হার ৬৭ দশমিক ৭-৮ শতাংশ ও মেয়েদের পাশের হার ৬৩ দশমিক ৯-৬ শতাংশ। সর্বাধিক ৮৮ দশমিক ২-৩ শতাংশ উত্তীর্ণের হারে ডিমা হাসাও জেলা প্রথম স্থান লাভ করেছে। দ্বিতীয় স্থানে ৮৪ দশমিক ০-৮ শতাংশ নিয়ে শিবসাগর জেলা, ও তৃতীয় স্থানে ৭৮ দশমিক ৬-৮ শতাংশ পাশের হারে ডিব্রুগড় জেলা রয়েছে।

এদিকে বরাক উপত্যকার তিনজেলার মাধ্যমিক পরীক্ষার ফলাফল অনুযায়ী শ্রীভূমি জেলা রাজ্যের মধ্যে ১৬ তম স্থান লাভ করেছে। পাশের হার হচ্ছে ৬৬ দশমিক ২৬ শতাংশ। বরাক উপত্যকার তিনজেলার মধ্যে শ্রীভূমি জেলা প্রথম স্থানে রয়েছে। এরপরের স্থানে রয়েছে হাইলাকান্দি জেলা। হাইলাকান্দিতে পাশের হার হচ্ছে ৫১ দশমিক ৮১ শতাংশ এবং কাছাড় জেলা তৃতীয় স্থানে রয়েছে। পাশের হার হচ্ছে ৪৯ দশমিক ১-৩ শতাংশ যা রাজ্যের মধ্যে সর্বনিম্ন।

এদিকে মাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র পুনরায় পরীক্ষা করতে চাওয়া পরীক্ষার্থীদের জন্য আগামী ১৩ এপ্রিল পোর্টেল খোলা হবে। তিনটি বিষয়ে অনুত্তীর্ণ বা মোট ১৭০ নম্বর লাভ করা কম্পার্টমেন্টেল পরীক্ষায় অবতীর্ণ হতে চাওয়া পরীক্ষার্থীদের জন্য খুব শীঘ্র পোর্টেল খোলা হবে বলে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধ্যক্ষ রমেশ চান্দ জৈন জানিয়েছেন।

শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের পাঁচজন শিক্ষার্থী শিলং-এ আগামী ১২ ও ১৩ই এপ্রিল অনুষ্টেয় আঞ্চলিক স্তরের বাজেট কুয়েট প্রোগ্রামে অংশগ্রহণের সুযোগ পেয়েছে। নির্বাচিত শিক্ষার্থী হচ্ছে আইন বিভাগের মাধবেন্দু চক্রবর্তী, কমপিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের সমীর দাস ও প্রতীম আচার্যী, ফার্মাসিউটিকেল সায়েন্স বিভাগের অভিষেক নাথ এবং সোসিয়লজি বিভাগের

প্রাক্তন ছাত্রী বীনা রাণী দাস । এই কার্যসূচীতে উত্তর-পূর্ব ভারতের ৮১৯ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহন করবে এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে বক্তব্য রাখা সহ ছাত্র-ছাত্রীদের সঙ্গে মত বিনিময় করবেন ।

গুয়াহাটীর বর্ষাপারায় আয়োজিত আই পি এল ক্রিকেট প্রতিযোগীতার গতকালের খেলায় রাজস্থান রয়েলস ৬ উইকেটে রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু দলকে পরাজিত করেছে । টসে জিতে রাজস্থান রয়েলস বোলিং করার সিদ্ধান্ত নেয় । রয়েল চ্যালেঞ্জার্স ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে ২০১ রান সংগ্রহ করতে সক্ষম হয় । পরে রাজস্থান রয়েলস ব্যাট করতে নেমে ১৮ ওভারে চার উইকেট হারিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায় ।
